# Times Today BD

কাজী শহিদুল্লাহ তনয় | দেশজুড়ে | 17 April, 2025

ব্রাহ্মণবাড়িয়া সদর পাঘাচং এলাকার "আল বাইতুল মামুর সালাফী জামে মসজিদ" ভাঙচুর, অগ্নিসংযোগ, লুটপাট ও মুসল্লিদের ওপর রক্তক্ষয়ী হামলার তীব্র নিন্দা ও প্রতিবাদে সাভারের  আশুলিয়ায় মানববন্ধন ও সংবাদ সম্মেলন  অনুষ্ঠিত হয়েছে।

দুপুরে আশুলিয়ার কাইচাবাড়ি এলাকায় বাংলাদেশ  জমঈয়তে আহলে হাদিস কেন্দ্রীয় ক্যাম্পাসে এই মানববন্ধন ও সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়।

সংবাদ সম্মেলন থেকে,  বাংলাদেশ জমঈয়তে আহলে হাদীস এর ভারপ্রাপ্ত সভাপতি প্রফেসর ডঃ আহমাদুল্লাহ ত্রিশালী জানান,গত ১৪ এপ্রিল ব্রাহ্মণবাড়িয়া সদরে আমাদের একটি মসজিদে কিছু কতিপয় সন্ত্রাসী হামলা চালিয়ে মসজিদ ভাঙচুর ও লুটপাট করেছে আমরা তার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানাই এবং এবং অন্তর্বর্তীকালীন সরকারের মাননীয় প্রধান উপদেষ্টার  কাছে আমরা এর সুষ্ঠু বিচার চাই।

এসময় বাংলাদেশ জমঈয়তে আহলে হাদীস এর মহাসচিব শাইখ ড. মুহাম্মদ শহীদুল্লাহ খান মাদানী, সিনিয়র যুগ্ম সেক্রেটারি জেনারেল শাইখ হারুন হুসাইন সহ বিভিন্ন প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিকরা উপস্থিত ছিলেন।

ব্রাহ্মণবাড়িয়া আল বাইতুল মামুর

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 09:05

URL: https://www.timestodaybd.com/public/across-the-country/775807958